



**UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)**

**ইউনাইটেডপিপল্‌স ডেমোক্রেটিকফ্রন্ট (ইউপিডিএফ)**

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)  
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৪ আগস্ট ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

## নান্যাচরে তিন গ্রামবাসীকে অপহরণের নিন্দা

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)-এর রাঙামাটি জেলা ইউনিটের সচল চাকমা সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে আজ শনিবার (৪ আগস্ট ২০১৮) দুপুরে নান্যাচর উপজেলা সদরের টিএন্ডটি বাজার থেকে সেনা সৃষ্ট নব্য মুখোশ বাহিনী ও সংস্কারবাদী জেএসএস-এর সশস্ত্র সন্ত্রাসী কর্তৃক তিন গ্রামবাসীকে অপহরণের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি অভিযোগ করে বলেন, আজ দুপুর ১২টার সময় উজ্জ্বল কান্তি চাকমা ওরফে দাজ্জ ও রনয় চাকমার নেতৃত্বে সংস্কার-মুখোশ বাহিনীর ১০-১২ জনের একটি সশস্ত্র দল টিএন্ডটি বাজারে হানা দিয়ে পাতাছড়ি গ্রামের বাসিন্দা রিপন চাকমা(২৬) পিতা-নতুন চন্দ্র চাকমা ও বড়পুল পাড়ার বাসিন্দা ত্রিদিপ চাকমা(২৮), পিতা- মৃত নৃপেন্দ্র চাকমা ও দীপংকর চাকমা(২৪), পিতা- মধুসূদন চাকমা নামে তিন জনকে অস্ত্রের মুখে অপহরণ করে নিয়ে যায়।

বিবৃতিতে ইউপিডিএফ নেতা এ অপহরণ ঘটনার সাথে সেনা-প্রশাসনের যোগসাজশ থাকার অভিযোগ করে বলেন, ঘটনাস্থল টিএন্ডটি বাজার থেকে মাত্র ৫০ গজ দূরত্বে সেনাবাহিনীর একটি চেকপোস্ট থাকলেও সেনারা সন্ত্রাসীদের বিরুদ্ধে কোন পদক্ষেপ না নিয়ে নিরব দর্শকের ভূমিকা পালন করেছে।

তিনি আরো বলেন, গত মাসে নান্যাচর উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান প্রীতিময় চাকমাসহ ২০ গ্রামবাসীকে অপহরণের পরও প্রশাসন এই সন্ত্রাসীদের বিরুদ্ধে কার্যকর কোন ব্যবস্থা গ্রহণ না করাই তারা বার বার এ ধরনের অপহরণ ঘটনা সংঘটিত করেছে।

বিবৃতিতে তিনি অবিলম্বে অপহৃত তিন গ্রামবাসীদের উদ্ধারপূর্বক সন্ত্রাসীদের গ্রেফতারের দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।